সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৫/১৭৮ ০৯ সেপ্টেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ** বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যচালান শুল্কায়নে এইচ. এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসনে জাতীয় রাজস্ব বোর্ডের দিক নির্দেশনা।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং- ০৮.০১.০০০০.০৫৬.০৭.০৩০.২০১৫/৩০৮, তারিখ: ০৮/০৯/২০২৫।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্ডের আওতায় আমদানিকৃত পণ্যচালান খালাসে এইচ.এস. কোড সংক্রান্ত জটিলতা নিরসন ও কার্যক্রম সহজীকরণের নিমিত্তে জাতীয় রাজস্ব বোর্ড হতে সূত্রোক্ত নির্দেশনা জারী করা হয়েছে।

উক্ত নির্দেশনার আলোকে কার্যক্রম পরিচালনায় আমদানিকৃত পণ্যচালানের প্রথম ০৪ (চার) ডিজিট বন্ড লাইসেন্সে সঠিক থাকলে অঙ্গীকারনামার বিপরীতে চালান খালাস করা যাবে এবং পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত এইচ.এস. কোড বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত করার সুযোগ থাকবে।

এছাড়াও বন্ড লাইসেন্সে উল্লেখিত বর্ণনা ও এইচ.এস. কোড অনুযায়ী ঘোষণা দাখিল করার পর যদি কাস্টমস কর্তৃপক্ষ ভিন্ন এইচ.এস. কোড নিরূপন করে তাহলেও অঙ্গীকারনামার বিপরীতে বা Customs Bond Management System (CBMS) এ অন্তর্ভুক্তকরণের মাধ্যমে পণ্য চালান খালাস করা যাবে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

৯/৯/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.০৭.০৩০.২০১৫/ ৬৩৮ — তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি.।

**বিষয়: বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্যচালান শুল্কায়নের বিষয়ে দিক-নির্দেশনা।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান কর্তৃক কাস্টমস হাউস/স্টেশনে আমদানিকালে দাখিলকৃত পণ্য ঘোষণায় প্রদত্ত পণ্যের বর্ণনা ও HS Code কায়িক পরীক্ষায় পণ্যের নমুনা কিংবা শুল্কায়ন পরবর্তী সময়ে পণ্যের ঘোষিত বর্ণনা পরিবর্তিত হয়, যা ক্ষেত্রবিশেষে প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স অথবা প্রাপ্যতা শীট বা সংশ্লিষ্ট Utilization Declaration (UD) তে অন্তর্ভূক্ত থাকে না। ফলে শুল্কায়নকালে উহা নিষ্পত্তির ক্ষেত্রে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। ফলশ্রুতিতে যথাসময়ে কাঁচামাল/পণ্য খালাস না হওয়ায় রপ্তানি আদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে পণ্য জাহাজীকরণে বিঘ্ন ঘটছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। এ প্রেক্ষিতে বর্তমানে বৈশ্বিক বাণিজ্যিক চ্যালেঞ্জ মোকাবেলায় ও রপ্তানি বাণিজ্যের বৃহত্তর স্বার্থে জরুরি বিবেচনায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

(ক) বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্ত বর্ণনা ও HS Code অনুযায়ী আমদানিকৃত পণ্যের ঘোষণা দাখিল করার পর কাস্টমস কর্তৃপক্ষ ভিন্ন HS Code নিরূপণ করলে এবং নিরূপিত HS Code এর প্রথম ৪ ডিজিট বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্ত HS Code এর প্রথম ৪ ডিজিট এর সাথে মিল থাকলে; আমদানিকারক পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এই নিরূপিত HS Code বন্ড লাইসেন্সে ও ইউডিতে অন্তর্ভূক্ত করবেন মর্মে একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টমস হাউস এর কমিশনার এর নিকট দাখিল করবেন যার বিপরীতে কমিশনার পণ্যচালান খালাসের অনুমতি প্রদান করে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটকে অবহিত করবেন।

(খ) বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্ত বর্ণনা ও HS Code অনুযায়ী আমদানিকৃত পণ্যের ঘোষণা দাখিল করার পর কাস্টমস কর্তৃপক্ষ ভিন্ন বর্ণনা নিরূপণ করলে; আমদানিকারক পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্তরূপ নিরূপিত পণ্যের বর্ণনা বন্ড লাইসেন্সে ও ইউডিতে অন্তর্ভূক্ত করবেন মর্মে একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টমস হাউস এর কমিশনার এর নিকট দাখিল করবেন যার বিপরীতে কমিশনার পণ্যচালান খালাসের অনুমতি প্রদান করে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটকে অবহিত করবেন।

গ) বন্ড লাইসেন্সে অন্তর্ভূক্ত বর্ণনা ও HS Code অনুযায়ী আমদানিকৃত পণ্যের ঘোষণা দাখিল করার পর কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক ভিন্ন HS Code নিরূপণ করা হলে এবং বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠান কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটের মাধ্যমে তার প্রাপ্যতায় উক্ত HS Code অন্তর্ভূক্ত করলে কাস্টমস হাউস এর কমিশনার পণ্যচালান খালাসের অনুমতি প্রদান করবেন এবং পণ্য চালান খালাসের তথ্য সংশ্লিষ্ট বন্ড কমিশনারেটকে অবহিত করবেন।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে; এবং বর্তমানে উক্তরূপ কারণে শুল্কায়ন নিষ্পত্তির জন্য অপেক্ষমান পণ্যচালানসমূহের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

০৪/০৯/২০২৫

**[সুরাইয়া সুলতানা]**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-৬। কমিশনার, কাস্টমস হাউস (সকল);

৭-৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল);

১০-২১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল);

২২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা;

২৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড;

২৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা;

২৫। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা;

২৬-২৯। সভাপতি, বিজিএমইএ, বিকেএমইএ, বিজিএপিএমইএ, বিপিজিএমইএ।

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.০৭.০৩০.২০১৫/ তারিখ: ০৮/০৯/২০২৫ খ্রি.।

**অনুলিপি; সদয় অবগতির জন্য:**

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২-৩। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)/ (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪-৫। অফিস কপি/গার্ড কপি।

।।

**[সুরাইয়া সুলতানা]**

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)